

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ১৯, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ৭ ফাল্গুন ১৪১৪ বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি ২০০৮ খ্রিস্টাব্দ

নং ৩ (মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ৬ ফাল্গুন, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ১৮ ফেব্রুয়ারি, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

২০০৮ সনের ৩ নং অধ্যাদেশ

Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 এর
সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (Act No. LII of 1974) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু, সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

(১১৬৫)

মূল্য : টাকা ২.০০

সেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ Muslim Marriages and Divorces (Registration) (Amendment) Ordinance, 2008 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। Act No. LII of 1974 এর section 4 এর সংশোধন।—Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (Act No. LII of 1974), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এ দুইবার উল্লিখিত “Government” শব্দটির পরিবর্তে “Deputy Commissioner within the local limits of the respective jurisdiction of his district” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। Act No. LII of 1974 এর section 11 এর সংশোধন।—উক্ত Act এর section 11 এ উল্লিখিত “Government” শব্দটির পরিবর্তে “Deputy Commissioner within the local limits of the respective jurisdiction of his district” শব্দগুলি এবং “it” শব্দটির পরিবর্তে “he” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

তারিখ : ৬ ফাল্গুন ১৪১৪ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০০৮ খ্রিস্টাব্দ।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল
ভারপ্রাপ্ত সচিব।